

## 💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

## ২.৬৪ স্ত্রীর ইদ্দত পালন

কোন মহিলার স্বামী মারা গেলে মহিলাকে নিমোক্ত কাজ করতে হয়:

১. যে ঘরে স্বামী মারা গেছে, যদি সে সেখানে থাকে তবে সেখান থেকে বের না হওয়া। আর যদি অন্য কোথাও থাকে, তবে সেখান থেকেও ৪ মাস দশ দিন বের না হওয়া। কারণ, আল্লাহ তাআলা বলেন,

"আর তোমাদের মধ্যে যারা স্ত্রী রেখে মারা যায়, ঐসব (স্ত্রীগণ) নিজেরা চার মাস দশ দিন অপেক্ষায় থাকবে। অতঃপর যখন তারা তাদের 'ইদ্দতকাল পূর্ণ করবে, তখন যথাবিধি নিজেদের জন্য যা করবে তাতে তোমাদের কোন পাপ নেই। আর তোমরা যা কর আল্লাহ সে সম্পর্কে সম্যক খবর রাখেন।" (সূরা ২; বাকারা ২৩৪)। তবে উক্ত স্ত্রী যদি গর্ভবতী হয়, তবে সে সন্তান প্রসবের পর পরই বের হতে পারবে।

কারণ আল্লাহ তাআলা বলেন,

"আর যাদের গর্ভে সন্তান রয়েছে তাদের ইন্দতকাল হচ্ছে সন্তান প্রসব করা পর্যন্ত"। (সূরা ৬৫; তালাক ৪)। তবে একান্ত প্রয়োজন বা আবশ্যকীয় কাজে বের হতে পারবে, যেমন- রোগী হলে ডাক্তার দেখানো, খাবার ক্রয় ইত্যাদি, যখন তার কাজ করে দেওয়ার মতো কেউ থাকবে না। অনুরূপভাবে ঘর নষ্ট হয়ে গেলেও বের হতে পারবে। তাছাড়া একাকী সে ঘরে ভয় পেলেও সেখান থেকে বের হতে পারবে।

- ২. ইদ্দতের সময় শেষ না হওয়া পর্যন্ত সাজসজ্জার পোশাক পরিধান করতে পারবে না। হলুদ বা সবুজ বা অন্য কোন রঙিন পোশাক; অর্থাৎ সাজসজ্জাহীন পোশাক পরিধান করবে। রাসূলুল্লাহ (সা.) এ নির্দেশই দিয়েছেন।
- ৩. ইদ্দতের সময় শেষ না হওয়া পর্যন্ত স্বর্ণ, রৌপ্য, হীরা (ডায়মন্ড) বা মনি-মুক্তার কোন অলঙ্কার পরিধান করতে পারবে না।
- 8. শরীরে বা কাপড়ে খোশবু ব্যবহার করতে পারবে না। তবে যদি কোন কারণে দুর্গন্ধ অনুভূত হয়, তখন সেটি দূর করার জন্য সাময়িকভাবে লাগাতে পারবে।
- ৫. ইদ্দতের সময় শেষ না হওয়া পর্যন্ত সুরমা লাগাবে না, চেহারায় সৌন্দর্যবর্ধক কিছু লাগাবে না। তবে সাধারণ পানি ও সাবান দিয়ে ধৌত করতে পারবে। মেহেদী ব্যবহার করতে পারবে। তাকে সরাসরি কেউ বিয়ের প্রস্তাব দিতে পারবে না। সেও বিয়ের কথা বলবে না। (মূল: শাইখ মুহাম্মাদ সালেহ আল-মুনাজ্জিদ, অনুবাদ: ড. আবুবকর মুহাম্মাদ যাকারিয়া ও ড. মুহাম্মাদ মানজুরে এলাহী)



• Source — https://www.hadithbd.com/books/link/?id=13393

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন